চট্টগ্রাম সোমবার ৮ মার্চ ২০২১

দৈনিক পূর্বকোণ

মূল কাগজ

Monday 8 March 2021

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone DailyPurbokone



*আইআইইউসি'র নব গঠিত বোর্ড অব ট্রাস্টিজ'র প্রথম সভায় বক্তব্য রাখছেন ট্রাস্টের সভাপতি প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দীন নদভী এমপি*

# আইআইইউসি'র নবগঠিত বোর্ড অব ট্রাস্টিজ'র প্রথম সভা

আইআইইউসি'র নবগঠিত বোর্ড অব ট্রাস্টিজ (বিওটি) এর প্রথম সভা গত ৬ মার্চ কুমিরাস্থ আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) ক্যাম্পাসে ট্রাস্টের সভাপতি সংসদ সদস্য প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দীন নদভী'র সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন, বোর্ড অব ট্রাস্টি ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ, বায়তুশ শরফ পীর মাওলানা মুহাম্মদ আবদুল হাই নদভী, খাদিজাতুল আনোয়ার সানি এমপি, ফেনী বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি মো. হেলাল উদ্দিন নিজামী, চবি'র প্রফেসর ড. মোহাম্মদ ছালেহ্ জহুর, চট্টগ্রাম প্রেস ক্লাবের সাবেক সভাপতি আবু সুফিয়ান, রিজিয়া সুলতানা চৌধুরী, মিয়া মুহাম্মদ ইসমাইল, মো. আবদুর রহিম, মো. খালেদ মাহমুদ, প্রফেসর ড. মো. ফসিউল আলম, মুহাম্মদ বদিউল আলম, প্রফেসর ড. সিরাজুল করিম প্রমুখ। সভায় এমপি নদভী আইআইইউসি'র নবগঠিত বোর্ড অব ট্রাস্ট গঠন ও অনুমোদন দেয়ায় প্রধানমন্ত্রী, শিক্ষা মন্ত্রী, শিক্ষা উপমন্ত্রী এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে ধন্যবাদ জানান এবং আইআইইউসিকে আদর্শিক ও মূল্যবোধ ভিত্তিক শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে গঠনের লক্ষ্যে সরকারের সহযোগিতা আশা করেন।

Ref:Paper Name:e-Dainik Purbokone,Date:8 March 2021,Page:6,Col:1,
Link: https://www.edainikpurbokone.net/index.php?page=1&date=2021-03-8